



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেডপিপলস ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৮ আগস্ট ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়ির স্বনির্ভরে সংস্কার-মুখোশ কর্তৃক সন্ত্রাসী হামলার নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের ভারপ্রাপ্ত প্রধান সংগঠক উজ্জ্বল স্মৃতি চাকমা, গণতান্ত্রিক যুব ফোরামের কেন্দ্রীয় সভাপতি অংগ্য মারমা, বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম পাহাড়ি ছাত্র পরিষদ(পিসিপি)-এর সভাপতি বিনয়ন চাকমা ও শ্রমজীবী ফ্রন্ট(ওয়ার্কার্স ফ্রন্ট)-এর সভাপতি সচিব চাকমা সংবাদ মাধ্যমে প্রদত্ত এক যুক্ত বিবৃতিতে আজ শনিবার, ১৮ আগস্ট ২০১৮ সকালে খাগড়াছড়ি জেলা সদরের স্বনির্ভর বাজারে সেনা মদদপুষ্ট সংস্কারবাদী জেএসএস ও নব্য মুখোশ বাহিনীর সন্ত্রাসী কর্তৃক সশস্ত্র হামলা চালিয়ে পিসিপি-যুব ফোরাম নেতাসহ ৬ জনকে হত্যার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তারা ঘটনার বর্ণনা দিয়ে বলেন, আজ সকাল ৮টার দিকে সংস্কারবাদী ও মুখোশদের একদল সশস্ত্র সন্ত্রাসী স্বনির্ভর বাজারে এসে এলোপাতাড়ি ব্রাশ ফায়ার করে। এতে পিসিপি'র খাগড়াছড়ি জেলা শাখার সভাপতি তপন চাকমা, গণতান্ত্রিক যুব ফোরামের খাগড়াছড়ি জেলা সহ সভাপতি পলাশ চাকমা, পিসিপি'র খাগড়াছড়ি জেলা শাখার সহ সাধারণ সম্পাদক এল্টন চাকমা, উত্তর খবংপায়া গ্রামের বাসিন্দা ও মহালছড়ি উপজেলা স্বাস্থ্য সহকারী জিতায়ন চাকমা (৫৩), একই গ্রামের কান্দারা চাকমার ছেলে রুপম চাকমা ও টেক্সটাইল ইঞ্জিনিয়ার ধীরাজ চাকমা নিহত হন। ধীরাজ চাকমা আজ সকালে ঢাকা থেকে খাগড়াছড়ি এসে পৌঁছেন। সন্ত্রাসীদের এলোপাতাড়ি ব্রাশফায়ারে তিনি নিহত হন।

এছাড়া সন্ত্রাসীদের ব্রাশ ফায়ারে আহত হয়েছেন পিসিপি খাগড়াছড়ি সদর থানা শাখার সভাপতি সোহেল চাকমা, খাগড়াছড়ি সরকারী কলেজের ছাত্র দ্বিতন চাকমা, বেলতলি পাড়ার বাসিন্দা ফেরেস্টার ত্রিপুরা(৩৫), খাগড়াছড়ি সদরের পশ্চিম নারাঙহিয়ে গ্রামের বাসিন্দা ও পদ্ম চাকমার ছেলে চিজি মনি চাকমা(২৫)।

নেতৃবৃন্দ এ ঘটনাকে কাপুরুষোচিত ও ন্যাঙ্কারজনক উল্লেখ করে বলেন, সেনাবাহিনী ও প্রশাসনের প্রত্যক্ষ সহযোগিতায় সন্ত্রাসীরা এ হামলা চালিয়েছে।


বিবৃতিতে তারা অভিযোগ করে বলেন, স্বনির্ভর বাজারে পুলিশের একটি পোস্ট ও এর পাশে বিজিবি সেক্টর সদর দপ্তর থাকলেও হামলার সময় তারা নিরব দর্শকের ভূমিকা পালন করেছে। ফলে সন্ত্রাসীরা বেশ কিছুক্ষণ ধরে সশস্ত্র তাণ্ডব চালিয়ে নির্বিঘ্নে পালিয়ে যেতে সক্ষম হয়েছে।

বিবৃতিতে নেতৃবৃন্দ সন্ত্রাসীদের বিরুদ্ধে গণপ্রতিরোধ জোরদার করার আহ্বান জানিয়ে বলেন, সেনাবাহিনীর মদদপুষ্ট সংস্কার ও নব্য মুখোশ সন্ত্রাসীরা পুরোপুরি গণবিরোধী ভূমিকায় অবতীর্ণ হয়েছে। একমাত্র গণপ্রতিরোধের মাধ্যমেই তাদেরকে পরাস্ত করা সম্ভব।

বিবৃতিতে তারা অবিলম্বে হামলাকারী সংস্কার-নব্য মুখোশ সন্ত্রাসীদের গ্রেফতারপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তি ও সন্ত্রাসীদের সেনা মদদদান বন্ধের দাবি জানিয়েছেন।

দ্বিতীয় দফায় হামলা : সংস্কার-মুখোশদের অব্যাহত অপহরণ, খুন, চাঁদাবাজিসহ সন্ত্রাসী কর্মকাণ্ডের প্রতিবাদে এলাকার বিক্ষুব্ধ জনগণ মিছিল নিয়ে স্বনির্ভরের দিকে আসার সময় পেরাছড়া ব্রিজের সামনে দুপুরের দিকে দ্বিতীয় দফায় সশস্ত্র হামলা চালিয়েছে সন্ত্রাসীরা। এতে নারীসহ ৪ জন আহত হয়েছেন। আহতরা হলেন- ভাইবোন ছড়ার ৫নং যৌথ খামার এলাকার সন কুমার চাকমা, খাগড়াছড়ি সরকারি কলেজের ১ম বর্ষের ছাত্রী উর্মি চাকমা, গুলকানা গ্রামের বাসিন্দা মিনু চাকমা ও শিবন্দির এলাকার সোনা রঞ্জন চাকমা। সন্ত্রাসীরা বর্তমানে পেরাছড়া ইউনিয়নের নীলকান্ত পাড়ায় সশস্ত্র অবস্থায় অবস্থান করছে।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।